# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
পওর পরিদপ্তর, বাপাউবো,
পানি ভবন (লেভেল-১), ৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোন: +৮৮০২২২২২৩০০৯৩
ইমেইল: se.onm@bwdb.gov.bd

www.bwdb.gov.bd

Office of the Superintending Engineer
O&M Directorate, BWDB,
Pani Bhaban (Level-1)
72 Green Road, Dhaka-1205
Phone : +8802222230093
Email: se.onm@bwdb.gov.bd


**বিষয়ঃ অর্থ মন্ত্রণালয়ের বাজেট পরিপত্র মোতাবেক ২০২১-২২ অর্থ বছরে পরিচালন ব্যয় খাতের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তুতি সংশ্লিষ্ট নীতিমালা প্রতিপালন প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়,অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১,অধিশাখা-১ কর্তৃক স্মারক নংঃ ০৭.১০১.০২০.০০.০০.০১১.২০২১-২০৮ তারিখ-১৪/১২/২০২১ খ্রিঃ (চিত্রলিপি সংযুক্ত) মোতাবেক চলতি ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বাজেট নীতিমালা সংক্রান্ত বাজেট পরিপত্র জারি করা হয়েছে। উক্ত পরিপত্রে সংশোধিত বাজেট প্রাক্কলনের ক্ষেত্রে অনুন্নয়ন বাজেট সংশ্লিষ্ট আবশ্যিকভাবে অনুসরণীয় নীতিমালার গুরুত্বপূর্ণ অংশ নিম্নে উপস্থাপন করা হলোঃ

(১) পরিপত্রের (অনুচ্ছেদ-১.১) অনুসৃতঃ

(ক) চলতি ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন অবশ্যই মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) মধ্যে সংকুলানযোগ্য হতে হবে। **বোর্ড বরাদ্দের অতিরিক্ত কোন ভাবেই দাবী করা যাবে না।**

(২) পরিপত্রের (অনুচ্ছেদ-১.৩) অনুসৃতঃ

(ক) সাধারণভাবে বিগত দুই অর্থ বছরের (২০১৯-২০ এবং ২০২০-২১) প্রথম ছয় মাসের এবং চলতি ২০২১-২২ অর্থ বছরের প্রথম ৪/৫ মাসের প্রকৃত ব্যয়ের ধারা (Actual Expenditure Trend) বিবেচনা করা হবে।

(খ) মূল বাজেটে সংস্থান ছিল না এমন কোন সম্পদ সংগ্রহের জন্য সংশোধিত বাজেটে অর্থ বরাদ্দের দাবী করা যাবে না।

(গ) মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে কোন অর্থ পুনঃউপযোজন করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে পুনঃউপযোজনকৃত অর্থের প্রতিফলন নিশ্চিত করতে হবে।

(৩) পরিপত্রের (অনুচ্ছেদ-৪) অনুসৃতঃ চলতি ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলনসমূহ আগামী ৫ জানুয়ারি,২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশনা রয়েছে।

বর্ণিত নীতিমালাসহ পরিপত্র মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট মাঠ দপ্তরকে বিনীতভাবে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

২৩/১২/২০২১

(এ,কে,এম সাইফুদ্দিন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঃদাঃ)
ও এন্ড এম, বাপাউবো, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

স্মারক নং- পওর/পরি/পাউবো/৭৫/১(৬) তারিখ-২৩/১২/২০২১ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থেঃ-

১। প্রধান প্রকৌশলী, পওর, বাপাউবো, ঢাকা।
২। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা,নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাপাউবো, ঢাকা।

২৩/১২/২০২১
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও এন্ড এম, বাপাউবো, ঢাকা।

স্মারক নং- পওর/পরি/পাউবো/৭৫/১(১০) তারিখ-২৩/১২/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
৩। প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
৪। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
৫। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
৬। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
৭। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
৮। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
৯। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

২৩/১২/২০২১
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও এন্ড এম, বাপাউবো, ঢাকা।

অতি জরুরি

বাজেট অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১

www.mof.gov.bd

# বাজেট পরিপত্র

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০১১.২০২১-২০৮ তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪২৮ / ১৪ ডিসেম্বর ২০২১

বিষয়ঃ **মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়ন।**

সরকারের অগ্রাধিকার খাতসমূহে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতায় সকল মন্ত্রণালয়/বিভাগের চলতি অর্থবছরের (২০২১-২২) বাজেট সুষ্ঠু ও সময়মত বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে সংশোধিত বাজেট প্রণয়ন করা প্রয়োজন। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/পদ্ধতি অনুসরণ করতে হবে:

## ১.১ সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালা

- ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন অবশ্যই চলতি অর্থবছরের মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) মধ্যে সংকুলানযোগ্য হতে হবে। **কোনভাবেই অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না;**

- সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতি ও উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে অগ্রাধিকার প্রাপ্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে চলতি অর্থবছরের (২০২১-২২) মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বিভিন্ন অপারেশনাল ইউনিট অথবা আইটেম/অর্থনৈতিক কোডের বরাদ্দ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

- ২০২১-২২ অর্থবছরের সংশোধিত ব্যয়ের প্রাক্কলন প্রণয়নকালে অনুমোদিত মূল বাজেটে প্রদর্শিত মোট **উন্নয়ন ব্যয়ের মধ্যে কোন অর্থ অব্যয়িত থাকবে বলে অনুমিত হলে উক্ত অব্যয়িত অর্থ কোনক্রমেই পরিচালন বাজেটে স্থানান্তর করা যাবে না;**

- অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র (নং ৩৮৯; তারিখ: ০১.০৭.২০২১) অনুযায়ী কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা ও সরকারের কৃচ্ছ্রসাধন নীতির আলোকে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের ২০২১-২২ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন ব্যয়ের আওতায় **সকল প্রকার নতুন/প্রতিস্থাপক হিসেবে '৪১১২১০১-মোটরযান' ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট খাতে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) ব্যয় করা যাবে। এ খাতে বরাদ্দকৃত অর্থ অন্য কোনো খাতে কোনভাবেই স্থানান্তর করা যাবে না;**

- অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র (নং ০৩; তারিখ: ০১.০৭.২০২১) অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' খাতে বরাদ্দকৃত অর্থে **শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্রে ভ্রমণ করা যাবে এবং সরকারি ভ্রমণের ব্যয় নির্বাহের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) ব্যয় করা যাবে। সেসাথে এ খাতের অব্যয়িত অর্থ অন্য খাতে কোনক্রমেই স্থানান্তর করা যাবে না।**

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

### ১.২ ২০২১-২২ অর্থবছরের রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

২০২১-২২ অর্থবছরের রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য **ফরম-১** ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০১৯-২০ এবং ২০২০-২১) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০২১-২২) প্রথম ৪/৫ মাসের রাজস্ব আদায়ের ধারা (Revenue Collection Trend) বিবেচনা করতে হবে এবং তার ভিত্তিতে ২০২১-২২ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। ইতোমধ্যে কোন আইটেমের আদায়ের হার বৃদ্ধি করা হয়ে থাকলে পুনর্নির্ধারিত হারে সম্ভাব্য অতিরিক্ত রাজস্ব আদায়ের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে এবং প্রস্তাবিত প্রাক্কলনে তার প্রতিফলন নিশ্চিত করতে হবে।

### ১.৩ ২০২১-২২ অর্থবছরের পরিচালন ব্যয়ের সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

পরিচালন ব্যয়ের ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য **ফরম-২** ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করতে হবে:

- সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০১৯-২০ এবং ২০২০-২১) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০২১-২২) প্রথম ৪/৫ মাসের প্রকৃত ব্যয়ের ধারা (Actual Expenditure Trend) বিবেচনা করতে হবে এবং তার ভিত্তিতে ২০২১-২২ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে;
- কেবল অফিসারদের বেতন-ভাতা এবং প্রতিষ্ঠান কর্মচারিদের বেতন-ভাতা খাতে ২০২১-২২ অর্থবছরের প্রথম ৩ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০২১-২২ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। তবে এরূপ প্রাক্কলন তৈরির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ ও অর্থ কর্মকর্তার পরামর্শ গ্রহণ করা যেতে পারে;
- মূল্য বৃদ্ধি ব্যতিরেকে সরবরাহ ও সেবা খাতের অন্তর্ভুক্ত কোন আইটেম/অর্থনৈতিক কোডের বরাদ্দ বৃদ্ধি করা যাবে না;
- মূল বাজেটে সংস্থান ছিল না এমন কোন সম্পদ সংগ্রহের জন্য সংশোধিত বাজেটে অর্থ বরাদ্দ করা যাবে না;
- চলতি অর্থবছরে (২০২১-২২) অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত থেকে কোন অর্থ বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে তার প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- অর্থ বিভাগের অনুমোদনক্রমে অথবা মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অর্পিত ক্ষমতাবলে কোন অর্থ পুনঃউপযোজন করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে পুনঃউপযোজনকৃত অর্থের প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- অর্থ বিভাগের অনুমোদনক্রমে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অনুকূলে 'সমাপ্ত উন্নয়ন প্রকল্পের থোক' হতে কোন আইটেম/অর্থনৈতিক কোডে বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে তার প্রতিফলন নিশ্চিত করতে হবে।

### ১.৪ উন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত স্কিমের সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

উন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত স্কিমের ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য **ফরম-৩** ব্যবহার করতে হবে। চলতি অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত চলমান স্কিম এবং ইতোমধ্যে অনুমোদিত নতুন স্কিমের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব প্রাক্কলনে অন্তর্ভুক্ত করতে হবে। অননুমোদিত কোন স্কিমের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব করা যাবে না। সংশ্লিষ্ট স্কিমের সকল ব্যয় অবশ্যই বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। সংশ্লিষ্ট স্কিমের জন্য অনুমোদিত মোট ব্যয়সীমা যাতে অতিক্রান্ত না হয় তার প্রতি লক্ষ্য রাখতে হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

**১.৫ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের পদ্ধতি**

২০২১-২২ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ কর্মসূচি ও কারিগরি সহায়তা কর্মসূচি)/উন্নয়ন বাজেট প্রণয়নের জন্য **ফরম-৪** ও **ফরম-৫** (কেবল খাদ্য সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) এবং **ফরম-৬** (উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ) যথাযথভাবে পূরণ করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করতে হবে:

- চলতি ২০২১-২২ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের বিপরীতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে পিএ অংশে সম্পূর্ণ ব্যয় করা যাবে এবং সেক্ষেত্রে জিওবি অংশে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে;
- সংশোধিত এডিপিতে প্রকল্প সংখ্যা সীমিত রাখতে হবে। সরকারের অগ্রাধিকার প্রকল্প অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের আলোকে অগ্রাধিকার ঠিক করে প্রয়োজনে অন্যান্য কম গুরুত্বপূর্ণ প্রকল্প বাদ দিতে হবে। আরএডিপি'র মূল অংশে বরাদ্দবিহীনভাবে কোন প্রকল্প রাখা যাবে না;
- একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প প্রস্তাব পৃথকভাবে প্রণয়ন না করে একত্রে একটি প্রকল্পের (গুচ্ছ প্রকল্প) আওতায় প্রস্তাব করা যথাযথ হবে। সংশোধিত এডিপিতে দারিদ্র বিমোচনে সহায়ক ও মানবসম্পদ উন্নয়নের সাথে সম্পৃক্ত খাতসমূহকে গুরুত্ব দিতে হবে;
- ২০২১-২২ অর্থবছরের এডিপি বহির্ভূত যেসব প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত হয়েছে এবং তাদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে সেসব প্রকল্প আরএডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করতে হবে;
- ২০২১-২২ অর্থবছরের এডিপি-তে যেসকল প্রকল্প/প্রকল্পসমূহে আন্তঃসমন্বয় করা হয়েছে আরএডিপি-তে তার যথাযথ প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প, ঘূর্ণিঝড় ও বন্যা উত্তর পুনর্বাসন সম্পর্কিত প্রকল্প এবং ২০২১-২২ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে। বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত হয়েছে এমন সব প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;
- 'যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত' অথবা 'এসপিইসি কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশকৃত' এবং 'বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত অথবা বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অংগীকারপ্রাপ্ত প্রকল্প' ব্যতীত কোন অননুমোদিত কারিগরি সহায়তা প্রকল্প সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;
- সংশোধিত এডিপিতে নতুন প্রকল্প/এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত যেসব প্রকল্পের ডিপিপি জানুয়ারি, ২০২২ এর মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা সম্ভব হবে না সেসব প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্ত করা যাবে না;
- ২০২১-২২ অর্থবছরের সংশোধিত এডিপিতে এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহের বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;
- চলতি প্রকল্পসমূহের অনুমোদিত প্রকল্প দলিলে উল্লেখিত প্রাক্কলিত ব্যয় এবং এ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত ব্যয়ের ভিত্তিতে যুক্তিসঙ্গত ও সম্ভাব্য ব্যয়ের বিবেচনায় সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব করতে হবে। প্রকল্প সাহায্য বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য করা হবে;
- বৈদেশিক সাহায্যপুষ্ট (সাহায্যচুক্তি স্বাক্ষরিত/সাহায্য প্রাপ্তি সুনিশ্চিত) প্রকল্পের ক্ষেত্রে ২০২১-২২ অর্থবছরে প্রাপ্য বৈদেশিক সাহায্য ব্যবহারের নিমিত্তে পরিপূরক স্থানীয় মুদ্রা বরাদ্দের (Matching Taka Cover) দাবী/প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- ধীর গতি সম্পন্ন প্রকল্প হতে বরাদ্দ কর্তন করে দ্রুত বাস্তবায়ন গতি সম্পন্ন গুরুত্বপূর্ণ প্রকল্পে প্রয়োজন অনুযায়ী বরাদ্দ প্রদান করতে হবে। এছাড়া বরাদ্দ প্রদানের ক্ষেত্রে কৃষি, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ উৎপাদন, বন্যা উত্তর পুনর্বাসন এবং ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসের ক্ষয়ক্ষতি পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;
- চলতি উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষেই শুধু অপরিহার্য নতুন প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার বরাদ্দ প্রস্তাব করতে হবে;
- **সরকারের আমদানি শুল্ক ও মূল্য সংযোজন করের (CD/VAT) হার এবং আমদানি পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুযায়ী CD/VAT বাবদ প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান পৃথকভাবে না রেখে বরং যেসমস্ত মূলধনী ক্রয়ের জন্য মূলধন খাতে অর্থ বরাদ্দ রাখা হয়েছে সেসমস্ত মূলধনী ক্রয়ের অর্থনৈতিক কোডেই এ বাবদ অর্থ বরাদ্দ রাখতে হবে।**

২. **বাজেট প্রাক্কলনের সঙ্গে প্রদেয় অন্যান্য তথ্য/কাগজপত্র**

বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বিস্তারিতভাবে পরীক্ষা ও অনুমোদনপূর্বক অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি নিশ্চিত করবে যে, বাজেট প্রাক্কলনসমূহ এই পরিপত্রে বর্ণিত নীতিমালা/পদ্ধতি যথাযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত প্রাক্কলনের সঙ্গে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী অবশ্যই সংযুক্ত করতে হবে।

৩. **স্পষ্টীকরণ**

বাজেট পরিপত্রে প্রদত্ত নীতিমালা/দিকনির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগে স্থাপিত **হেল্প ডেস্ক** কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে। হেল্প ডেস্ক কর্মকর্তাগণের নাম ও ফোন নং **পরিশিষ্ট-১** এ দেয়া হল।

৪. **বাজেট প্রাক্কলন দাখিল করার সময়সীমা**

চলতি ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলনসমূহ আগামী ৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রস্থ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত/-

**(নাজমা মোবারেক)**
অতিরিক্ত সচিব (বাজেট-১)
ফোনঃ ৯৫১১০৫০
ই-মেইলঃ nazmam@finance.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ১৪/ওয়াই, শেরে বাংলা নগর, ঢাকা
৪. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৯. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
১০. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
১৫. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
১৭. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আবদুল গণি রোড, ঢাকা
১৯. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২৪. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৬. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সরকারি পরিবহণ পুল, সচিবালয় লিংক রোড, ঢাকা
২৭. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
২৮. সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৯. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা
৩০. সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৩১. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৩২. সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৩. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৩৪. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৫. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, মহাখালী, ঢাকা
৩৬. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৭. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহণ পুল, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা
৩৮. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৩৯. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪০. সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
৪৩. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৪৫. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৬. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৮. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৯. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫০. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫২. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৩. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৫৪. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৫৫. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৫৬. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৭. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৮. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৯. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬০. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬১. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৬২. রেজিষ্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৬৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০১১.২০২১- ২০৮

তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪২৮ / ১৪ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১. যুগ্মসচিব (বাজেট-১/২/৩/৪/৫/৬/৭/৮), বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ
২. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ
৩. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ
৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ
৫. অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ
৬. অতিরিক্ত সচিব (বাজেট-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ
৭. অতিরিক্ত সচিব (বাজেট-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ

১৪.১২.২০২১

(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪৬

**পরিশিষ্ট-১**

# অর্থ বিভাগের হেল্প ডেস্ক* এর কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ১. | অর্থ বিভাগ | জনাব মোহাম্মদ আনিসুজ্জামান<br>উপসচিব, বাজেট - ১ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>যুগ্মসচিব (বাজেট-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ২. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | জনাব মোহাম্মদ আনিসুজ্জামান<br>উপসচিব, বাজেট - ১ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>যুগ্মসচিব (বাজেট-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৩. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | জনাব মোহাম্মদ আনিসুজ্জামান<br>উপসচিব, বাজেট - ১ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>যুগ্মসচিব (বাজেট-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৪. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | বেগম তনিমা তাসমিন<br>উপসচিব, বাজেট - ২ অধিশাখা<br>ফোনঃ ৯৫৭৬০২৯ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>যুগ্মসচিব (বাজেট-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৫. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | বেগম তনিমা তাসমিন<br>উপসচিব, বাজেট - ২ অধিশাখা<br>ফোনঃ ৯৫৭৬০২৯ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>যুগ্মসচিব (বাজেট-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৬. | সরকারি কর্মকমিশন সচিবালয় | বেগম তনিমা তাসমিন<br>উপসচিব, বাজেট - ২ অধিশাখা<br>ফোনঃ ৯৫৭৬০২৯ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>যুগ্মসচিব (বাজেট-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৭. | খাদ্য মন্ত্রণালয় | জনাব মোঃ তৌহিদুল ইসলাম<br>উপসচিব, বাজেট - ৩ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩১৮৬ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>যুগ্মসচিব (বাজেট-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৮. | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | জনাব মোঃ তৌহিদুল ইসলাম<br>উপসচিব, বাজেট - ৩ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩১৮৬ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>যুগ্মসচিব (বাজেট-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৯. | রাষ্ট্রপতির কার্যালয় | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>উপসচিব, বাজেট - ৪ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>যুগ্মসচিব (বাজেট-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১০. | নির্বাচন কমিশন সচিবালয় | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>উপসচিব, বাজেট - ৪ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>যুগ্মসচিব (বাজেট-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১১. | স্বাস্থ্যসেবা বিভাগ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>উপসচিব, বাজেট - ৪ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>যুগ্মসচিব (বাজেট-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১২. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>উপসচিব, বাজেট - ৪ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>যুগ্মসচিব (বাজেট-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৩. | প্রধানমন্ত্রীর কার্যালয় | বেগম ফৌজিয়া রহমান<br>উপসচিব, বাজেট - ৫ অধিশাখা<br>ফোনঃ ৯৫৭৪০১৬ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>যুগ্মসচিব (বাজেট-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৪. | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | বেগম ফৌজিয়া রহমান<br>উপসচিব, বাজেট - ৫ অধিশাখা<br>ফোনঃ ৯৫৭৪০১৬ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>যুগ্মসচিব (বাজেট-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৫. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | জনাব মোহাম্মদ মশিউর রহমান<br>উপসচিব, বাজেট - ৬ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৮ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>যুগ্মসচিব (বাজেট-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৬. | জননিরাপত্তা বিভাগ | জনাব মোহাম্মদ মশিউর রহমান<br>উপসচিব, বাজেট - ৬ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৮ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>যুগ্মসচিব (বাজেট-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৭. | সুরক্ষা সেবা বিভাগ | জনাব মোহাম্মদ মশিউর রহমান<br>উপসচিব, বাজেট - ৬ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৮ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>যুগ্মসচিব (বাজেট-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৮. | প্রতিরক্ষা মন্ত্রণালয় | জনাব মুহাম্মদ আবুল কাসেম<br>উপসচিব, বাজেট - ৭ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮০৩০৮ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>যুগ্মসচিব (বাজেট-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ১৯. | সশস্ত্র বাহিনী বিভাগ | জনাব মুহাম্মদ আবুল কাসেম<br>উপসচিব, বাজেট - ৭ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮০৩০৮ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>যুগ্মসচিব (বাজেট-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ২০. | পররাষ্ট্র মন্ত্রণালয় | জনাব হায়াত মোঃ ফিরোজ<br>উপসচিব, বাজেট - ৮ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২১. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | জনাব হায়াত মোঃ ফিরোজ<br>উপসচিব, বাজেট - ৮ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২২. | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | জনাব হায়াত মোঃ ফিরোজ<br>উপসচিব, বাজেট - ৮ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৩. | সমাজ কল্যাণ মন্ত্রণালয় | জনাব মেহেদী মাসুদুজ্জামান<br>উপসচিব, বাজেট - ৯ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮৮৫৮৮ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৪. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | জনাব মেহেদী মাসুদুজ্জামান<br>উপসচিব, বাজেট - ৯ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮৮৫৮৮ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৫. | মন্ত্রিপরিষদ বিভাগ | জনাব মোহাম্মদ সাইদুল আরীফ<br>উপ সচিব, বাজেট - ১০ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩০ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৬. | দুর্নীতি দমন কমিশন | জনাব মোহাম্মদ সাইদুল আরীফ<br>উপ সচিব, বাজেট - ১০ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩০ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৭. | জনপ্রশাসন মন্ত্রণালয় | জনাব মোহাম্মদ সাইদুল আরীফ<br>উপ সচিব, বাজেট - ১০ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩০ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৮. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | জনাব মোঃ তাজুল ইসলাম<br>উপসচিব, বাজেট - ২১ অধিশাখা<br>ফোন: ২২২৩৩৫৪০১৬ | জনাব মোঃ আবদুর রহমান খান<br>যুগ্মসচিব (বাজেট-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ২৯. | জাতীয় সংসদ সচিবালয় | জনাব মোঃ তাজুল ইসলাম<br>উপসচিব, বাজেট - ২১ অধিশাখা<br>ফোন: ২২২৩৩৫৪০১৬ | জনাব মোঃ আবদুর রহমান খান<br>যুগ্মসচিব (বাজেট-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩০. | বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | জনাব মোঃ তাজুল ইসলাম<br>উপসচিব, বাজেট - ২১ অধিশাখা<br>ফোন: ২২২৩৩৫৪০১৬ | জনাব মোঃ আবদুর রহমান খান<br>যুগ্মসচিব (বাজেট-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩১. | আইন ও বিচার বিভাগ | জনাব শাহরিয়ার জামিল<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ২২<br>ফোনঃ ৯৫৪০২৮৪ | জনাব মোঃ আবদুর রহমান খান<br>যুগ্মসচিব (বাজেট-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩২. | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | জনাব শাহরিয়ার জামিল<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ২২<br>ফোনঃ ৯৫৪০২৮৪ | জনাব মোঃ আবদুর রহমান খান<br>যুগ্মসচিব (বাজেট-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৩. | সুপ্রীম কোর্ট | জনাব শাহরিয়ার জামিল<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ২২<br>ফোনঃ ৯৫৪০২৮৪ | জনাব মোঃ আবদুর রহমান খান<br>যুগ্মসচিব (বাজেট-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৪. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | বেগম নাছরিন আক্তার<br>উপসচিব, বাজেট - ২৩ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৭ | জনাব মোঃ আবদুর রহমান খান<br>যুগ্মসচিব (বাজেট-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৫. | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | বেগম নাছরিন আক্তার<br>উপসচিব, বাজেট - ২৩ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৭ | জনাব মোঃ আবদুর রহমান খান<br>যুগ্মসচিব (বাজেট-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৬. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | বেগম নাছরিন আক্তার<br>উপসচিব, বাজেট - ২৩ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৭ | জনাব মোঃ আবদুর রহমান খান<br>যুগ্মসচিব (বাজেট-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৭. | স্থানীয় সরকার বিভাগ | বেগম লীজা খাজা<br>উপসচিব, বাজেট - ১১ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮৭২০৩ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ৩৮. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | বেগম মাহমুদা আক্তার<br>উপসচিব, বাজেট - ১২ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৩ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৩৯. | বাণিজ্য মন্ত্রণালয় | বেগম মাহমুদা আক্তার<br>উপসচিব, বাজেট - ১২ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৩ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪০. | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | মিজ সুরাইয়া জাহান<br>উপসচিব, বাজেট - ১৩ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৮৫৪৯৬ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪১. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | মিজ সুরাইয়া জাহান<br>উপসচিব, বাজেট - ১৩ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৮৫৪৯৬ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪২. | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | জনাব নূরউদ্দিন আল ফারুক<br>উপসচিব, বাজেট - ১৪ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৬ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪৩. | শিল্প মন্ত্রণালয় | জনাব নূরউদ্দিন আল ফারুক<br>উপসচিব, বাজেট - ১৪ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৬ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪৪. | বিদ্যুৎ বিভাগ | জনাব মোহাম্মদ জাকির হোসেন<br>উপসচিব, বাজেট - ১৫ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৮৯৭১৫ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৫. | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | জনাব মোহাম্মদ জাকির হোসেন<br>উপসচিব, বাজেট - ১৫ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৮৯৭১৫ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৬. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | জনাব টি, কে, এম মোশফেকুর রহমান<br>উপসচিব, বাজেট - ১৬ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৮৯৭৫৩ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৭. | সেতু বিভাগ | জনাব টি, কে, এম মোশফেকুর রহমান<br>উপসচিব, বাজেট - ১৬ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৮৯৭৫৩ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৮. | নৌ-পরিবহন মন্ত্রণালয় | মুহাম্মদ আনিসুর রহমান<br>উপসচিব, বাজেট - ১৭ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৮ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৯. | রেলপথ মন্ত্রণালয় | মুহাম্মদ আনিসুর রহমান<br>উপসচিব, বাজেট - ১৭ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৮ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৫০. | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | বেগম কাউসার নাসরীন<br>উপসচিব, বাজেট - ১৮ অধিশাখা<br>ফোনঃ ৯৫৬৫১৮৪ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫১. | ভূমি মন্ত্রণালয় | বেগম কাউসার নাসরীন<br>উপসচিব, বাজেট - ১৮ অধিশাখা<br>ফোনঃ ৯৫৬৫১৮৪ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫২. | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বেগম মিলিয়া শারমিন<br>উপসচিব, বাজেট - ১৯ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮৮৮২১ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫৩. | পানি সম্পদ মন্ত্রণালয় | বেগম মিলিয়া শারমিন<br>উপসচিব, বাজেট - ১৯ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮৮৮২১ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫৪. | কৃষি মন্ত্রণালয় | জনাব হোসেন আহমেদ<br>উপসচিব, বাজেট - ২০ অধিশাখা<br>ফোনঃ ৯৫৫৪৫১১ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫৫. | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | জনাব হোসেন আহমেদ<br>উপসচিব, বাজেট - ২০ অধিশাখা<br>ফোনঃ ৯৫৫৪৫১১ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫৬. | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | মোছাঃ রুখসানা রহমান<br>উপসচিব, বাজেট-২৪ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪৪১৮ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ৫৭. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | মোছাঃ রুখসানা রহমান<br>উপসচিব, বাজেট-২৪ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪৪১৮ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৫৮. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | বেগম খালেদা নাছরিন<br>উপসচিব, বাজেট-২৫ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪৪১৯ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৫৯. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | বেগম খালেদা নাছরিন<br>উপসচিব, বাজেট-২৫ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪৪১৯ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৬০. | পরিকল্পনা বিভাগ | জনাব মুহাম্মদ আলী প্রিন্স<br>উপসচিব, বাজেট-২৬ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৫ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৬১. | বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | জনাব মুহাম্মদ আলী প্রিন্স<br>উপসচিব, বাজেট-২৬ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৫ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৬২. | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | জনাব মুহাম্মদ আলী প্রিন্স<br>উপসচিব, বাজেট-২৬ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৫ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |

* **জনাব সিরাজুন নূর চৌধুরী, যুগ্মসচিব (বাজেট-১)** হেল্প ডেস্ক এর **সমন্বয়কারী (Coordinator)** হিসেবে দায়িত্ব পালন করবেন এবং কোন বিষয়ে স্পষ্টীকরণ/সহায়তার প্রয়োজন হলে তাঁর অধিশাখার আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহ ছাড়াও যে কোন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তাঁর সাথে যোগাযোগ করা যেতে পারে।